জনগণের মানসিকতা ও প্রকৃতি দিয়ে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের বিচার করলে ভুল হবে। সম্ভবতঃ অন্যান্য অঞ্চলের রিক্রুটের আগের কঠিন পরীক্ষা এই জেলায় প্রয়োগ করাকে উপজাতিরা ব্যাখ্যা করেছিল মুক্তিযোদ্ধা না করার ষড়যন্ত্র হিসেবে। দীর্ঘদিনের নিপীড়ন, শোষণ, বঞ্চনা ও জাতিগত বৈষম্যনীতির কারণে গড়ে ওঠা মানসিকতা এর জন্য দায়ী। তাদের আপন করার প্রক্রিয়াও হওয়া উচিত ছিল আলাদা। যেমনভাবে ভিয়েতনাম যুদ্ধে নাং, থো এবং মান্ জনগোষ্ঠীকে জড়ানো হয়েছিল। চীন-ভিয়েতনাম সীমান্ত সংলগ্ন পার্বত্য এলাকা ছিল নাং, থো এবং মান্ জনগোষ্ঠী অধ্যুষিত। এই তিনটি সম্প্রদায় জাতিগত ভাবে ভিয়েতনামী ছিল না। ভৌগোলিক কারণে তারা সাংস্কৃতিক, অর্থনৈতিক ও রাজনৈতিক স্বায়ত্বশাসনও ভোগ করত। সম্প্রদায় তিনটি ভিয়েতনামীদের বরাবর সন্দেহ ও ঘৃণার চোখে দেখত। ভিয়েতনামী ভাষা তারা জানত না। জানলেও বলত না। অথচ নাং, থো এবং মান্ অধ্যুষিত পার্বত্য অরণ্যাঞ্চল গেরিলা যুদ্ধের জন্য খুবই গুরুত্বপূর্ণ। সেই কারণে গিয়াপ ও তাঁর সাথীরা নাং, থো এবং মান্ ভাষা শিখতে বাধ্য হয়েছিলেন। সমমর্যাদার ভিত্তিতে মিললেন তাদের সঙ্গে। সব অসুবিধা একদিনে দূর হয়নি। অনবরত আন্তরিক চেষ্টার পর দেখা গেল ঘৃণা ও বিদ্বেষের স্থান দখল করে নিয়েছে বন্ধুত্ব, বিশ্বাস ও ভালবাসা। ভিয়েতমীনদের প্রথম পর্যায়ের দিনগুলোতে নাং, থো এবং মান্ সম্প্রদায়ভুক্ত জনগোষ্ঠীর অবদান বিশেষভাবে স্মরণীয়।[১]

পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় নেতাদের এই ধরণের অসুবিধা ছিল না। পার্বত্য চট্টগ্রামের তেরটি সম্প্রদায়ের অধিকাংশই বাংলা বোঝে। বাংলায় কথা বলতেও পারে। তেরটি সম্প্রদায়ের ভাষা ভিন্ন। বাংলা ভাষা ছাড়া সব সম্প্রদায় বোঝে এবং বলতে পারে, এমন একটি সাধারণ ভাষা পার্বত্য চট্টগ্রামে নেই। অধিকাংশ উপজাতির, প্রথমদিকে অসহযোগিতা মূলক মনোভাব ছিল না। ছিল না মুক্তি যুদ্ধে কাজে লাগানোর মত একাত্মবোধের অভাব। ২৫শে মার্চের পর পার্বত্য চট্টগ্রামের রাঙামাটি ও অন্যান্য শহরের ডিফেন্স লাইনে খাদ্যদ্রব্য ও অন্যান্য সামগ্রী সংগ্রহ করে পাঠানোর কাজে উপজাতি ছাত্র—যুবকদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মধ্যে তা প্রমাণিত।

১। রাসেল স্টেলার, ভূমিকা, দি মিলিটারি আর্ট অফ পিপলস ওয়ার, জেনারেল ভো নগুয়েন গিয়াপের নির্বাচিত প্রবন্ধ, মান্থলী রিভিউ প্রেস, ১৯৭০, নিউইয়র্ক ও লণ্ডন।

তা সত্ত্বেও তাদের সক্রিয়ভাবে স্বাধীনতা যুদ্ধে জড়ানো যায় নি। কারণ উপজাতিদের মানসিকতা বোঝার চেষ্টা করা হয় নি। নেওয়া হয়নি বাস্তবোচিত পদক্ষেপ। তাই ভৌগোলিক অনুকূল অবস্থান সত্ত্বেও স্বাধীনতা যুদ্ধে পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি অরণ্যাঞ্চলের যে ভূমিকা হতে পারত, তা হয়নি।

রাজা ত্রিদিব রায় এবং অংশে প্রু চৌধুরী দখলদার বাহিনীর দুই সক্রিয় সহযোগী ছিলেন। রাজা ত্রিদিব রায় মুক্তি যুদ্ধ চলাকালে পাকিস্তানে চলে যান। অংশে প্রু চৌধুরী জেলে বন্দী হন স্বাধীনতার পর। এই দুই জনের সব দোষ নিরীহ উপজাতিদের কাঁধে চাপে। যারা সাতেও ছিল না, পাঁচেও না, কেন যুদ্ধ, কার সঙ্গে কার যুদ্ধ যারা জানে না, তারাই হল স্বাধীন বাংলাদেশের দালালি আইনের শিকার।

একাত্তরের পাঁচই ডিসেম্বর উপজাতিদের জীবনে একটি কালো দিন। এই দিন নিরীহ উপজাতির রক্তে পানছড়ি এলাকা হয়েছিল রক্তাক্ত। সেই ক্ষত এখনও শুকোয়নি। বন্ধ হয়নি রক্তক্ষরণ। ঐ দিন পকিস্তানী হানাদার বাহিনী পানছড়ি এলাকা ছেড়ে দিলে অন্যতম প্রধান একটি জাতীয় দলের জেলা শাখার অন্যতম প্রধান কর্মকর্তার নেতৃত্বে মুক্তি যোদ্ধা নামধারী একদল যুবক পানছড়িতে ঢুকে শুরু করে তাণ্ডব। ষোল জনকে গুলি করে ফেলা দেওয়া হয় জঙ্গলে। তার ভেতর ভাগ্যক্রমে দু'জন বেঁচে যায়। তারাই নৃশংস ঘটনার সাক্ষী।[১] মুক্তিযোদ্ধা মনীশ দেওয়ান, অশোক মিত্র কার্বারী, প্রভুধন চৌধুরী এবং উগ্‌গ্য চাই চাইলেন চরম দুঃসময়ে উপজাতি ভাইদের পাশে দাঁড়াতে। কিন্তু কর্তৃপক্ষ বাধা দেয়। তাঁরা পানছড়িতে প্রবেশ করতে পারেন নি। কর্তৃপক্ষের যথাসময়ে যথোপযুক্ত সিদ্ধান্তের ফলে বড় রকমের ভ্রাতৃসংঘর্ষ এড়ানো গেলেও এই ঘটনা উপজাতি ও অনুপজাতি মুক্তি যোদ্ধাদের মধ্যে মানসিক দূরত্ব সৃষ্টি করে। সেই শুরু। তারপর প্রতিদিন মারাত্মক ও ভয়াবহ খবর আসা শুরু করে পার্বত্য চট্টগ্রামের গ্রামগুলো থেকে। উপজাতি বাড়ি লুট। উপজাতি খুন। উপজাতি মহিলা ধর্ষিতা।

রাজাকার সি. এ. এফ. আল্‌বদর, আল্‌শাম্‌স বাহিনীর কিছু পাণ্ডা

১। অগ্‌গবংশ মহাথের, স্টপ জেনসাইড ইন চিটাগাং হিল ট্রাকটস, কলকাতা, অক্টোবর, ১৯৮১, পৃঃ ৭। ফার ইস্টার্ন ইকনমিক রিভিউ, ২রা আগস্ট, ১৯৮০।

এবং সমস্তের বিভিন্ন জেলা থেকে পালিয়ে এসে পার্বত্য চট্টগ্রামের গভীর জঙ্গলে লুকিয়ে থাকাটা অস্বাভাবিক নয়। বিশে ডিসেম্বরের পর বাংলাদেশ সরকার এদের খুঁজে বার করতে নির্দেশ দেন। পুলিশ ও বি. ডি. আর. গভীর অরণ্যে ঢুকত না। ধারে কাছের জঙ্গলে অভিযান করে ফিরে যেত ক্যাম্পে। দালাল কিংবা রাজাকার, কাউকে তাঁরা খুঁজে বার করতে পারেনি। দালাল খুঁজে বার করতে না পারলেও দালালির অভিযোগে গ্রামবাসীদের ধরে এনে পুলিশ এবং বি. ডি. আর. নিপীড়ন শুরু করে। ঘরবাড়ি জ্বালিয়ে দেওয়া, জোর করে টাকা আদায় করা, পিটিয়ে ও গুলি করে মারা এবং নারী ধর্ষণ নিত্যনৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়ায়। সরকারি বাহিনীর নৃশংস নির্যাতনের বিরুদ্ধে সরকারের কাছে প্রতিবাদ জানানো হয়। উপজাতি উপদেষ্টা মং রাজা ২ং প্রু চাই চৌধুরী উপজাতিদের উপর নির্বিচার অত্যাচার বন্ধ করতে সরকারকে অনুরোধ করেন। কিন্তু কোন ফল হয় না। বরং অত্যাচার বেড়ে যায়। শেষে অবস্থা এমন দাঁড়ায় যে, গ্রামবাসীরা গ্রাম ছেড়ে জঙ্গলে আশ্রয় নেয়।

অন্যদিকে মুক্তিযোদ্ধা নামধারী কয়েকজন অনুপজাতি যুবক বোমাং রাজার ভাই এম. এস. প্রু'র মাথা মুড়িয়ে, জুতার মালা পরিয়ে তাঁকে বান্দরবন শহরের পথে পথে ঘুরায়। রাজপরিবারের প্রতি এই নির্মম ব্যবহারে মারমা সম্প্রদায় বুঝে নেয় তাদের ভবিষ্যত কোন দিকে যাচ্ছে। বাহাত্তর সালের নয়ই জানুয়ারী বান্দরবন শহরে এক বিরাট জনসভা অনুষ্ঠিত হয়। সভায় বোমাং রাজা মং শৈ প্রু চৌধুরী এবং অনেক মারমা নেতা উপস্থিত ছিলেন। সাতকানিয়া কলেজের জনৈক ছাত্র বোমাং রাজা এবং মারমা সম্প্রদায়কে আপত্তিকর ভাষায় গালাগালি করে ভাষণ দেন। তিনি বলেন, 'বাঁচতে যদি চাও, তাহলে হয় বাঙালী হও, নয়ত বার্মায় চলে যাও।'[১] এই হুমকি মারমা সম্প্রদায়ের জাতিগত ভিন্ন অস্তিত্বে এবং মানসিকতায় তীব্র আঘাত হানে।

বাংলাদেশের শাসনতন্ত্র তখনও রচিত হয়নি। শাসনতন্ত্রের কাঠামো কি হবে, তাই নিয়ে চলছিল আলাপ-আলোচনা। বাহাত্তরে চারু বিকাশ চাকমার নেতৃত্বে একটি উপজাতি প্রতিনিধিদল প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, আইন ও সংসদ-

১। অগ্গেবংশ মহাথের, স্টপ জেনসাইড ইন চিটাগাং হিল ট্র্যাকটস, কলকাতা, অক্টোবর, ১৯৮১।

বিষয়ক মন্ত্রী এবং আওয়ামি লিগের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে সাক্ষাত করে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের জন্য শাসনতান্ত্রিক রক্ষাকবচের দাবি জানান। একই সালের পনেরই ফেব্রুয়ারী গণপরিষদ সদস্য মানবেন্দ্র নারায়ণ লারমার নেতৃত্বে আর একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে দেখা করেন। সরকারের কাছে তাঁরা লিখিতভাবে চারটি দাবি পেশ করেন।

এক, পার্বত্য চট্টগ্রাম একটি স্বায়ত্বশাসিত অঞ্চল হবে এবং তার একটি নিজস্ব আইন পরিষদ থাকবে। দুই, উপজাতীয় জনগণের অধিকার সংরক্ষণের জন্য ১৯০০ সালের পার্বত্য চট্টগ্রাম শাসনাবিধির ন্যায় অনুরূপ সংবিধি ব্যবস্থা শাসনতন্ত্রে থাকবে। তিন, উপজাতীয় রাজাদের দফতর সংরক্ষণ করা হবে। চার, পার্বত্য চট্টগ্রামের বিষয় নিয়ে কোন শাসনতান্ত্রিক সংশোধন বা পরিবর্তন যেন না হয়, এরূপ সংবিধি ব্যবস্থা শাসনতন্ত্রে থাকবে।

পরে অবশ্য চার নম্বর দাবির সঙ্গে একটি সংযোজন যুক্ত করা হয় এই মর্মে যে, দেশের অজানা অঞ্চল হতে সরকারি উদ্যোগে ব্যাপকহারে লোক এনে যেন পার্বত্য চট্টগ্রামে ঢোকানো না হয়, তজ্জন্য বিধি ব্যবস্থার প্রবর্তন।

প্রতিনিধি দলের পেশ করা স্মারকলিপির প্রত্যুত্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যুক্তি দেখিয়েছিলেন যে, পেশ করা দাবি মেনে নিলে জাতিগত অনুভূতি (এমনকি ফিলিংস) বৃদ্ধি পাবে। অখণ্ড জাতীয় সংহতির প্রয়োজনে ক্ষুদ্র জাতির অস্তিত্ববোধ না থাকা বাঞ্ছনীয়। বৃহত্তর বাঙালী জাতীয়তাবাদে নিজেদের অস্তিত্ব বিকাশ সাধন করার পরামর্শ দেন তিনি। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যে অর্থেই বলে থাকুন না কেন, তাঁর বক্তব্যের তীব্র প্রতিক্রিয়া হয়। দাবী মেনে না নেয়ার চাইতেও প্রতিনিধিরা ক্ষুব্ধ হন তাঁদেরকে জাতিগত অস্তিত্ব বিলোপ করতে বলাতে। তাঁদের যুক্তি, মুসলিমদের আলাদা আবাস-ভূমি হিসেবে পাকিস্তানের সৃষ্টি হয়েছিল। পাকিস্তানের অন্তর্ভূক্ত হওয়াতে তাঁরা মুসলিম হন নি। হয়েছিলেন পাকিস্তানি। বাঙালী জাতীয়তাবাদের ভিত্তিতে বাংলাদেশের অভ্যুদয় ঘটেছে। তাঁরা বাংলাদেশের নাগরিক, কিন্তু বাঙালী নন।

তিয়াত্তরের সাধারণ নির্বাচনের নির্বাচনী সফরে প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাঙামাটি এসেছিলেন। তাঁর আগে পাকিস্তান সরকারের প্রধান হিসেবে জেনারেল আইয়ুব খান এবং পূর্ব পাকিস্তানের গভর্নর মোনায়েম খাঁ রাঙামাটি এসেছিলেন। কিন্তু তাঁরা কেউ জনগণের প্রতিনিধি ছিলেন না। তাই

তাঁদের উপস্থিতি ঘিরে উপজাতি জনগণের প্রত্যাশা ছিল না। দেশের অধিসংবাদী নেতা, জাতির পিতা ও প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমানের রাঙামাটি আসা এবং উপজাতিদের সামনে বক্তব্য রাখার গুরুত্ব ছিল তাই অনেক বেশি। রাঙামাটি প্রদর্শনী ময়দানে বিরাট জনসভা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাঙামাটি আসা এই প্রথম এবং শেষ। আঞ্চলিক বৈষম্য এবং জাতিগত নিপীড়নের বিরুদ্ধে তাঁর বজ্রকণ্ঠ ছিল সুপরিচিত। পার্বত্য চট্টগ্রামের উপজাতিরা আঞ্চলিক বৈষম্য ও জাতিগত নিপীড়নের শিকার বহু যুগ ধরে। তাই তারা ভাবল, তাদের ভাগ্যের নতুন দিগন্ত উন্মোচিত হবে রাঙামাটিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘোষণায়। প্রধানমন্ত্রীর মুখ থেকে উপজাতি জনগণ তাদের ভবিষ্যত কি, তা শুনতে চাইল। আগ্রহভাবে তারা দূর দূরান্ত থেকে এসে হাজির হয় জনসভায়। উপজাতিদের মনে জন্ম নেওয়া আশংকা দূর করতে গিয়ে পার্বত্য চট্টগ্রামের বুকে অনুষ্ঠিত সর্ববৃহৎ জনসভায় প্রধানমন্ত্রী ঘোষণা করেন যে, উপজাতিদেব ভাষা, ধর্ম, সাহিত্য, সংস্কৃতি, সামাজিক জীবন ও কাঠামোগত বৈচিত্রে ও বৈশিষ্টে কেউ হস্তক্ষেপ করবে না। এতদিন তাদের তৃতীয় শ্রেণীর নাগরিকের মর্যাদা দেওয়া হয় নাই। সেইদিনের অবসান হয়েছে। উপজাতিরা দেশের যে কোন নাগরিকের সমান মর্যাদা পাবে। উপজাতিদের অবস্থার উন্নতি সাধন করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরও ঘোষণা করেছিলেন যে, উপজাতিদের প্রমোশন দিয়ে সেইদিন থেকে বাঙালী করা হল।[১] কিন্তু কোন অর্থে বাঙালী করা হল, তা তিনি খুলে বলেন নি।

ক্ষুদ্র ক্ষুদ্র সমাজের পরিবর্তন আসে সাধারণতঃ বিবর্তনের মধ্য দিয়ে। বিকাশের একটা স্তরে না পৌঁছা পর্যন্ত বৈপ্লবিক পরিবর্তন ঘটান সম্ভব নয়। বিকাশ সাধনের প্রক্রিয়া হওয়া উচিত নিজস্ব ঢঙে, ভেতর থেকে, স্বতঃস্ফূর্তভাবে, আরোপ করার পথে নয়। পূর্ব পাকিস্তান আওয়ামি মুসলিম লিগের যখন জন্ম হয়, তখনও দ্বিজাতি তত্ত্বের আবেশ জনগণকে আচ্ছন্ন করে রেখেছিল। তাই আওয়ামি মুসলিম লিগের অধিকাংশ নেতা ও কর্মী ধর্ম নিরপেক্ষ ও উদার দৃষ্টি সম্পন্ন হওয়া সত্ত্বেও দলের নামের সঙ্গে 'মুসলিম' শব্দটি রাখতে বাধ্য হয়েছিলেন। মুসলিম শব্দটি বাদ দিলে তখন সেটি হত অতি র‍্যাডিক্যাল পদক্ষেপ। জনমনে সম্ভাব্য

১। প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমানের নির্বাচনী প্রচার সভা, রাঙামাটি, ১৯৭৩।

প্রতিক্রিয়া এড়াতে জন্মলগ্নে যে বাধ্যবাধকতা ছিল, পাঁচ বছর পর তা আর থাকেনি। 'মুসলিম' শব্দটি বাদ দিয়ে দলকে নামে এবং কাজে করা হয় ধর্ম-নিরপেক্ষ ও প্রগতিশীল।

পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের সামাজিক অবস্থা ছিল অনুন্নত সামন্ততান্ত্রিক। রাজারা বিভিন্ন প্রক্রিয়ায় জনগণকে শোষণ করতেন। তা সত্ত্বেও জনগণ রাজাদের কখনও শোষক ভাবতে পারেনি। ভাবত রক্ষক। শোষণের চেহারাটা তাদের কাছে প্রকট ছিল না। ছিল না তাদের চিন্তাচেতনার উন্নত ধারা। তাদের সামনে ছিল বৃহৎ জনগোষ্ঠীর চাপে নিশ্চিহ্ন হয়ে যাওয়ার আশংকা। তাই উপজাতি জনগণ তাদের দীর্ঘদিনের গড়ে ওঠা কাঠামো ভাঙতে তৈরি ছিল না। পাকিস্তান ভেঙে বাংলাদেশ হয়। কিন্তু উপজাতিদের সার্বিক অবস্থা তাই'ই রইল, যেমন ছিল পাকিস্তানের আমলে। উপজাতি বা ক্ষুদ্রজাতি সত্তার (ন্যাশনাল মাইনরিটি পরিচয় দিতে বেশী স্বাচ্ছন্দ্য বোধ করত উপজাতি জনগণ। সামন্ততন্ত্র ও সামন্ততান্ত্রিক মানসিকতা বস্তুবাদের দ্বান্দ্বিকতার নিয়মে একদিন বিলুপ্ত হত। চেতনা বাড়ার সঙ্গে সঙ্গে স্বাভাবিক নিয়মে অবলুপ্তির পথে এগুতো সামন্ততন্ত্র এবং তার প্রতি উপজাতি জনগণের দুর্বলতা। জোর করে উচ্ছেদের প্রক্রিয়া জনমনের বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে বাধ্য। বাংলাদেশ স্বাধীন হবার পর পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন উপজাতি তাদের নিজস্ব সত্ত্বাবোধ নিয়ে থাকতে চেয়েছিল, বাঙালী হিসেবে নয়। হঠাৎ বাঙালীত্বে প্রমোশন তারা কিছুতেই সহজভাবে নিতে পারেনি। বরং প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘোষণাকে তারা ধরে নেয় জাতিগত অস্তিত্বের উপর চরম আঘাত হিসেবে। উনপঞ্চাশ সালে আওয়ামি লিগ জাতীয় রাজনীতিতে উল্লম্ফন এড়িয়ে সঠিক পদক্ষেপ নিতে পেরেছিল। কিন্তু সেই আওয়ামি লিগ তিয়াত্তরে পার্বত্য চট্টগ্রামের ভাষা ও জাতিগত ক্ষুদ্র জনগোষ্ঠী সমূহের জন্য নীতি নির্ধারণে উল্লম্ফন দিয়ে ভুল করেছিল বলে মনে হয়।

ভুলের ফায়দা তোলে কয়েকটি তথাকথিত বিপ্লবী দল। জাতীয় রাজনীতিতে যাদের ভূমিকা ছিল না। ছিল না নির্দিষ্ট লক্ষ্য ও স্পষ্ট বক্তব্য। বাংলাদেশের স্বাধীনতার পর এই দলগুলো রাতারাতি বের করে বিভিন্ন পত্র-পত্রিকা। এইসব পত্র-পত্রিকায় উপজাতিদের পক্ষে সরকারের বিরুদ্ধে সত্যমিথ্যা বিস্তর লিখে উপজাতিদের ক্ষেপিয়ে তোলা হয়। তথাকথিত বিপ্লবী দলগুলোর উদ্দেশ্য অবশ্য উপজাতিদের স্বার্থরক্ষা ছিল না। দেশে নৈরাজ্য ও বিশৃঙ্খলা সৃষ্টি এবং স্বাধীনতা বিপন্ন করাই ছিল তাদের

মূল উদ্দেশ্য। দলগুলোর পরবর্তী ভূমিকা থেকে এটা স্পষ্টভাবে প্রমাণিত। পঁচাত্তরের পনেরই আগষ্ট সামরিক অভ্যুত্থানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিহত হবার পর পর্যায়ক্রমে আসা প্রতিটি সরকার পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের উপর নির্যাতন বাড়ায়। সারা দেশে এক আইন পার্বত্য চট্টগ্রামে অন্য আইন। বলতে গেলে সেখানে আইনের শাসনই নেই। অথচ এক সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকারের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হয়ে ওঠা বিপ্লবী রাজনৈতিক দলগুলো খোন্দকার মুস্তাক আহমেদ, জিয়াউর রহমান, আবদুস সাত্তারের বৈরী উপজাতি নীতির বিরুদ্ধে একটি শব্দও উচ্চারণ করেনি।

একমাত্র ব্যতিক্রম জাতীয় সমাজতান্ত্রিক দল বা জাসদ। চুয়াত্তরের সতের মার্চের আগে দলের বাংলাদেশের সমাজ কাঠামো সম্পর্কে ব্যাখ্যা, বিশ্লেষণ, স্তর নিয়ে কোন সুস্পষ্ট বক্তব্য ছিল না। স্বভাবতই, শত্রু মিত্র নির্ধারণ ও আন্দোলনের রূপরেখা সম্পর্কে বিজ্ঞান ভিত্তিক ধারনা ছিল অনুপস্থিত।[১] জাতীয় রাজনীতির ক্ষেত্রে জাসদের ছিল 'অগোছাল' এলোপাতাড়ি, গোঁজামিল, দায়সারা গোছের কাজ এবং বক্তব্য।[২] পার্বত্য চট্টগ্রামের ক্ষেত্রেও জাসদের ভূমিকা সম্পর্কে এই মূল্যায়ণ প্রযোজ্য। তা সত্ত্বেও, উপজাতি ইস্যুর উপর জাসদের ধারাবাহিক ভূমিকা রয়েছে।

সবচেয়ে বিস্ময়কর ও হতাশাব্যঞ্জক হল দেশের প্রগতিশীল দু'টি রাজনৈতিক সংগঠন। ন্যাশনাল আওয়ামি পার্টি (মোঃ) বা ন্যাপ ও বাংলাদেশের কমিউনিষ্ট পার্টি (সি. পি. বি)-টির ভূমিকা। দীর্ঘদিনের জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে প্রগতিশীল ভূমিকার পরিপ্রেক্ষিতে উপজাতি জনগণ এই দু'টি দলের ইতিবাচক সাড়া প্রত্যাশা করেছিল। কিন্তু তা পূরণে এবং উপজাতিদের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছিল এই দু'টি দল। পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের সমস্যা নিয়ে ন্যাপের (মোঃ) ভূমিকা যে উজ্জল হতে পারত তা বলার কারণ, উপজাতিদের ওপর আবেদন ছিল বলেই ন্যাপের (মোঃ) এবং বাংলাদেশের কমিউনিষ্ট পার্টির ছাত্র সংগঠন ছাত্র ইউনিয়নের পার্বত্য চট্টগ্রাম শাখায় উপজাতি সদস্যসংখ্যা' তুলনামূলকভাবে অন্যান্য জাতীয় ছাত্র সংগঠনের চাইতে বেশি ছিল। ছাত্র

১। জাসদের দ্বিতীয় কাউন্সিল অধিবেশনে কার্যকরী সাধারণ সম্পাদক শ.জাহান সিরাজের রাজনৈতিক রিপোর্ট, ২৯. ৩. ৮৪, পৃঃ ১৪।

২। সিরাজুল আলম খান, আন্দোলন ও সংগঠন প্রসঙ্গে, পৃঃ ৭।

ইউনিয়নের উপজাতি ছাত্রনেতাদের মধ্যে হিমাংশুবিকাশ খীসা, ম্যামা চিং লিলি, করুণেশ চাকমা, অশোক মিত্র কার্বারী, সুধাময় চাকমা ও ইলা চৌধুরীর নাম উল্লেখযোগ্য। ন্যাপের (মোঃ) সুস্পষ্ট বক্তব্য থাকলে আরও অনেক উপজাতি ছাত্রকে ছাত্র ইউনিয়নের পতাকাতলে সমবেত করা যেত এবং পরবর্তীতে ন্যাপেও উপজাতি সমস্যা সংখ্যা বাড়ানো যেত। ন্যাপের (মোঃ) উদ্যোগে স্বাধীনতার পর রাঙামাটিতে প্রথম জনসভা অনুষ্ঠিত হয়েছিল। সেই সভার সভাপতি ছিলেন জ্ঞানেন্দু বিকাশ চাকমা। সংগঠনগত শক্তির অভাব এবং স্বল্প প্রচার সত্ত্বেও সভায় জনসমাগম হয়েছিল প্রচুর। সভার মুখ্য আকর্ষণ ছিলেন বেগম মতিয়া চৌধুরী। তিনি তাঁর বক্তৃতায় মূল প্রসঙ্গ এড়িয়ে যান। ফলে উপজাতি জনগণ যেমন নিরাশ হয় নি, তেমনি আশার আলোও দেখে নি। ন্যাপের (মোঃ) সুস্পষ্ট বক্তব্য ও নীতি থাকলে সারা বাংলাদেশে যেমন প্রধান বিরোধী দল হিসেবে আত্মপ্রকাশ করতে পারত, তেমনি পেত পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের সংগঠিত করার সুযোগ। তাহলে হয়ত, জাতীয় মূলস্রোতের সঙ্গে উপজাতিদের যোগসূত্র স্থাপিত হতে পারত।

কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে ময়মনসিংহের গারো, হাজং অধ্যুষিত অঞ্চলে এক সময় গড়ে উঠেছিল টংক এবং তেভাগা আন্দোলন। গারো ও হাজংদের সামাজিক ও অর্থনৈতিক সমস্যার সঙ্গে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের মিল রয়েছে অনেক। কমিউনিষ্ট পার্টির নেতৃত্বে সেই রকম কোন আন্দোলন পার্বত্য চট্টগ্রামে গড়ে না উঠলেও পঞ্চাশ দশকে এই এলাকার প্রথম উপজাতি কমিউনিষ্ট মোহনলাল চাকমার নেতৃত্বে রাঙামাটিতে একটি শিক্ষক আন্দোলন হয়েছিল। আন্দোলন সংগঠিত ও নেতৃত্ব দেয়ার অপরাধে মোহনলাল চাকমার উপর জারি হয়েছিল পার্বত্য চট্টগ্রামের জেলা প্রশাসকের বিশেষ ক্ষমতার একান্ন নম্বর ধারা। চব্বিশ ঘন্টার মধ্যে তাঁকে ছেড়ে যেতে হয়েছিল পার্বত্য চট্টগ্রাম। (পরে তিনি ভারতের ত্রিপুরা রাজ্যের বিধান সভার সদস্য হয়েছিলেন।) এরপর কমিউনিষ্ট পার্টির উদ্যোগে বা কোন কমিউনিষ্টের নেতৃত্বে কোন আন্দোলন পার্বত্য চট্টগ্রামে হয়নি। সি. পি. বি উদ্যোগ নিলে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের বোঝানোর রাস্তা সহজ হত যে, সারা দেশের সার্বিক অবস্থার উপর নির্ভর করছে ক্ষুদ্র ক্ষুদ্র জনগোষ্ঠীর উন্নতি। শুধু পার্বত্য চট্টগ্রাম নয়, বাংলাদেশের প্রতিটি ক্ষুদ্র জনগোষ্ঠীর স্বকীয় অস্তিত্ব বজায় রাখার

সংগ্রামে সি. পি. বি-ও অকৃত্রিম বন্ধু, তা বোঝাতে সি. পি. বি ব্যর্থ হয়েছে। কারণ একই সাথে শ্রেণী সহাবস্থান ও শ্রেণীসংগ্রাম তথা গঠনমূলক বিরোধিতার নামে দলটি আওয়ামি লিগ সরকারের সহযোগী হয়ে ওঠে। অন্তত জনগণ সেই দৃষ্টিতে দেখা শুরু করে। ন্যাপের (মোঃ) বেলায়ও একই কথা বলা চলে।

স্বাধীনতার পর আওয়ামি লিগ পার্বত্য চট্টগ্রামে সংগঠনের শেকড় ছড়াতে মনোযোগী হয়। স্বাধীনতার আগে আওয়ামি লিগে উপজাতি সদস্য ছিল না বললেই চলে। তবে আওয়ামি লিগের ছাত্র সংগঠন ছাত্র লিগের কিছু উপজাতি সদস্য ছিল। তন্মধ্যে গৌতম দেওয়ান, মনীষ দেওয়ান, মনি স্বপন দেওয়ান, সুশোভন দেওয়ান ও প্রাণতোষ চাকমার নাম উল্লেখযোগ্য। স্বাধীনতার পর ছাত্র লিগ দু'ভাগ হলে তাদের অধিকাংশ রব-শাজাহান সিরাজের দলে চলে গিয়েছিল। দলের পতাকাতলে উপজাতিদের টানার কৌশল হিসেবে আওয়ামি লিগ সত্তরের সাধারণ নির্বাচনে জাতীয় ও প্রাদেশিক পরিষদে দুই উপজাতি প্রার্থীকে মনোনয়ন দিয়েছিল। নির্বাচনের পর থেকে চাক বিকাশ চাকমা আওয়ামি লিগের সঙ্গে জড়িয়ে পড়েন। কুমার কোবনাদক্ষ রায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা ছাড়া, রাজনৈতিক কিংবা সামাজিক কোন কাজে সক্রিয় থাকেন নি। স্বাধীনতার পর চারু বিকাশ চাকমার প্রভাবে উপজাতি অনেক নেতা আওয়ামি লিগের সদস্যপদ গ্রহণ করেন।

পার্বত্য চট্টগ্রাম জেলা আওয়ামী লিগের সাধারণ সম্পাদক তখন ছিলেন সাইদুর রমহান। আওয়ামি লিগের জন্য প্রচুর ত্যাগ তিনি স্বীকার করেছেন। একটা সময় ছিল যখন তিনি একাই ছিলেন সংগঠনের কর্মী এবং নেতা। বাংলা দেশ স্বাধীন হওয়ার পর সাইদুর রহমানকে সামনে রেখে স্বাধীনতাত্তোর পরিবেশের ফায়দা তুলতে একটি বিশেষ গোষ্ঠী আওয়ামি লিগে অনুপ্রবেশ করে।

বাজারের সার্বিক উন্নয়ন ও শৃঙ্খলা তদারকির জন্য একটি কমিটি নির্বাচন করার প্রথা ছিল। বাজার বা বাজারের কাছে গ্রামগুলো থেকে সবার গ্রহণ-যোগ্য কাউকে বাজার প্রধান বা বাজার চৌধুরী নির্বাচন করা হত। বাজার চৌধুরী উপজাতি বা অনুপজাতি, যে কেউ হতে পারতেন। আগেই বলা হয়েছে মৌজা ও গ্রামগুলোর বিচারক ছিলেন হেডম্যান এবং কার্বারীরা। তাঁদের বিচারের রায় অনুপজাতিরাও মেনে নিত। এতে দুই সম্প্রদায়ের সৌহার্দ্য ও সম্প্রীতি বজায় ছিল। স্বাধীনতার পর আওয়ামি লিগে অনুপ্রবেশকারী এক

শ্রেণীর লোক এতদিনকার প্রচলিত প্রথা জোর করে তুলে দিতে চাইল। শুধু গ্রামের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ নয়, হেডম্যান-কার্বারীদের বিচার করাও তারা শুরু করে। কেবলমাত্র উপজাতিরা এতে আহত হয় নি। অনেক বছর ধরে বসবাস করা অনুপজাতিরাও এই তুঘলকি কর্মকাণ্ড সমর্থন করতে পারেনি।

সাইদুর রহমানের নাম ভাঙ্গিয়ে এক শ্রেণীর লোকের দুষ্কর্ম উপজাতিদের জীবন দুঃসহ করে তুলেছিল। উপজাতি জনগণ মনে করল, যেহেতু সাইদুর রহমান জেলা আওয়ামি লিগের নেতা, সে জন্য সব দুষ্কর্মের নেপথ্যে আওয়ামি লিগের ইন্ধন রয়েছে। উপজাতিদের এই ধারণা সর্বৈবভাবে সত্য নয়। সদ্য স্বাধীন বাংলাদেশের জনগণের ঐক্য এবং সংহতি নষ্ট করতে তখন দেশের বিশেষ একটা স্বার্থান্বেষী চক্র উঠে পড়ে লেগেছিল। তারা দেশের সর্বত্র উস্কানিমূলক তৎপরতা চালিয়ে যাচ্ছিল। দেশের নানা অংশে বিভ্রান্তি সৃষ্টি করেছিল বাঙালীদের মধ্যে। আর পার্বত্য চট্টগ্রামে তারা বিরোধ বাঁধিয়ে দিচ্ছিল উপজাতিদের সঙ্গে অনুপজাতিদের।

চারু বিকাশ চাকমা জেলা আওয়ামি লিগ ঢেলে সাজানোর অনুরোধ কেন্দ্রীয় আওয়ামি লিগের কাছে রাখছিলেন অনেকদিন ধরে। বাহাত্তরের শেষের দিকে নাম মাত্র পুরানো কমিটির কার্যকলাপ এবং নতুন কমিটি গঠন খতিয়ে দেখতে আওয়ামি লিগের তৎকালীন সাংগঠনিক সম্পাদক আবদুর রাজ্জাক ও প্রচার সম্পাদক সরদার আমজাদ হোসেন রাঙামাটি এসেছিলেন। রাঙামাটির কোর্ট প্রাঙ্গণে তাঁরা এক জনসভায় বক্তৃতাও করেন। সাংগঠনিক তৎপরতা বাড়াতে স্বাধীনতার পর আওয়ামি লিগের কেন্দ্রীয় নেতাদের সেই প্রথম পার্বত্য চট্টগ্রামে আসা। এর কিছুদিন পর পার্বত্য চট্টগ্রাম জেলা আওয়ামি লিগের নতুন কমিটি গঠিত হয়। কমিটি সভাপতি হন চারু বিকাশ চাকমা এবং সাধারণ সম্পাদক জেড. এ. আলম। ৫ কজন উপজাতি নেতাকে জেলা কমিটিতে নেওয়া হয়। কিন্তু প্রত্যাশা মত জে. আওয়ামি লিগ সংগঠনের শাখা প্রশাখা ছড়িয়ে দিতে পারেনি জেলার সর্বত্র। তেমনি উপজাতিদের ওপরও তার প্রভাব বিস্তার করতে পারেনি।

শাসক দল আওয়ামি লিগের উপজাতি জনগণের মন জয় করে সাংগঠনিক শেকড় ছড়ানোর সুযোগ ছিল বিবিধ। সুষ্ঠু উপজাতি নীতি ঘোষণা এবং সরকারী প্রশাসন যন্ত্রের মাধ্যমে তা বাস্তবায়ন।

উপজাতি ও অনুপজাতি, দুই সম্প্রদায়ের মধ্যে দূরত্ববোধ পার্বত্য চট্টগ্রামের রাজনীতির বিশেষত্ব—যা জাতীয় দলগুলোর পক্ষে এই জেলায় সংগঠন করার অন্যতম প্রধান অন্তরায়। একদিকে জাতীয় দলগুলোর প্রতি উপজাতিদের অবিশ্বাস, অন্যদিকে জাতীয় দলগুলোর প্রায় অনস্তিত্ব শাখা এবং ত্রুটিপূর্ণ কর্মকাণ্ড পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের মনে জাতীয় দলে যোগ দেয়ার মত আকর্ষণ সৃষ্টি করতে পারেনি। এইসব ক্ষেত্রে যা হয়, পার্বত্য চট্টগ্রামেও তাই হয়েছে। বাহাত্তরে জন্ম নেয় লেলা ভিত্তিক আঞ্চলিক দল 'পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি।' সাতান্ন সালে গঠিত হয়েছিল পাহাড়ি ছাত্র সমিতি। উপজাতি ছাত্রদের স্বার্থ রক্ষা করা, কোন কোন ক্ষেত্রে সমাজ কল্যাণমূলক কাজের মধ্যে সীমিত ছিল পাহাড়ি ছাত্র সমিতির ভূমিকা। ছেষট্টি সালে রাঙামাটি সরকারি মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর ছাত্র সমিতির কাজের পরিধি বেড়ে যায়। এই সময় থেকে পাহাড়ি ছাত্র সমিতির রাজনৈতিক চরিত্র প্রকাশ পেতে শুরু করে। উনসত্তরের গণ-অভ্যুত্থানে পাহাড়ি ছাত্র সমিতির প্রীতি কুমার চাকমা, রূপায়ণ দেওয়ান, গৌতম চাকমা, পরিমল চাকমা, পংকজ দেওয়ান, উষতিন তালুকদার, স্নেহময় চাকমা, প্রশান্ত চাকমা প্রমুখ নেতা প্রশংসনীয় ভূমিকা নিয়েছিলেন। পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি গঠনে পাহাড়ি ছাত্র সমিতির অবদান অপরিসীম। পাহাড়ি ছাত্র সমিতির প্রাক্তন অনেক নেতা ও কর্মী কর্মজীবনে পেশা হিসেবে শিক্ষকতা গ্রহণ করেছিলেন। উনসত্তরে জেল থেকে মুক্তি পেয়ে মানবেন্দ্র নারায়ণ লারমা নিজেও পেশা হিসেবে শিক্ষকতা বেছে নেন। তিনি পাহাড়ি ছাত্র সমিতির প্রাক্তন নেতা ও কর্মীদের সংগঠিত করা শুরু করেন। পার্বত্য চট্টগ্রাম, বিশেষ করে পুরো উত্তরাঞ্চলে তিনি ব্যাপক সাংগঠনিক তৎপরতা চালান। এই প্রচেষ্টায় পাহাড়ি ছাত্র সমিতি যোগ্য ভূমিকা নেয়। সত্তরের সাধারণ নির্বাচনে মানবেন্দ্র নারায়ণ লারমা প্রাদেশিক পরিষদ সদস্য নির্বাচিত হন।

কিন্তু তখন তার সাংগঠনিক শক্তি অপ্রতিদ্বন্দ্বী ছিল না। তিনি নির্বাচনী আঁতাত করতে বাধ্য হয়েছিলেন। দক্ষিণাঞ্চলে তখন তিনি তাঁর মনোনীত প্রার্থীও দিতে পারেন নি। কিন্তু সত্তর থেকে তিয়াত্তর, তিন বছরের রাজনৈতিক অবস্থা হয় ওলট-পালট। এই ওলট-পালটে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের ক্ষোভকে পুঁজি করে লারমা অপ্রতিদ্বন্দ্বী রাজনৈতিক ব্যক্তিত্ব হিসেবে আত্ম-প্রকাশ করেন। স্বাধীনতার পর জাতীয় সংসদে পার্বত্য চট্টগ্রামের জন্য দুটি

আসন নির্ধারিত হয়। তিয়াত্তরের সাধারণ নির্বাচনে লারমা শুধু নিজে নন, দক্ষিণাঞ্চল থেকেও জন সংহতি সমিতি মনোনীত প্রার্থী চাই থোয়াই রোয়াজাও বিপুল ভোটে সংসদ সদস্য নির্বাচিত হন। পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কাঠামো নিয়ন্ত্রণের একচেটিয়া দখল ছিল রাজাদের। পরম্পরাগতভাবে মোগল, বৃটিশ ও পাকিস্তানী শাসকগোষ্ঠী রাজাদের স্বার্থ বড় করে দেখত। রাজারাও সাধারণ উপজাতিদের স্বার্থের দিকে তাকিয়ে কাজ করতেন না। উপজাতিদের শিক্ষা-দীক্ষা, চিন্তা-চেতনা, রাজনৈতিক ও অর্থনৈতিক অনগ্রসরতার জন্য রাজাদের দায়িত্বই ছিল সবচেয়ে বেশি। তাঁদের আসন অটল রাখতে নিজ নিজ এলাকায় স্কুল কলেজ খুলতে এবং উপজাতিরা নতুন কোন উদ্যোগ নিতে চাইলে রাজারা বিভিন্ন কৌশলে নিরুৎসাহ করতেন। সম্ভবত পার্বত্য চট্টগ্রামে প্রতিষ্ঠিত প্রথম উচ্চবিদ্যালয়, রাঙামাটি সরকারী উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল জনৈক চাকমা রাজকুমারকে পড়ানোর জন্য। দীর্ঘদিনের কাঠামোয় আঘাত হানেন মানবেন্দ্র নারায়ণ লারমা। উপজাতি জনসাধারণের রাজনীতি বন্দী ছিল রাজপ্রাসাদে। লারমা সেই রাজনীতিকে নিয়ে এলেন রাজপথে। সাধারণ মানুষের কাছে। তাঁর আগেও কয়েকজন উপজাতি নেতা সাধারণ মানুষের হয়ে লড়েছেন। কিন্তু তাঁর মত কেউ জনগণকে ঐক্যবদ্ধ করতে পারেন নি। উপজাতি জনগণকেও সঠিকভাবে বোঝাতে পারেন নি যে, লড়াইটা তাদের নিজেদের। বাঁচতে কেউ কাউকে সাহায্য করেনা। বাঁচার অবলম্বন নিজেদেরই খুঁজে নিতে হয়। পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন উপজাতি সম্প্রদায়ের মধ্যেও ছিল অনৈক্য, সংশয় ও দূরত্ব-বোধ। মানবেন্দ্র নারায়ণ লারমার নেতৃত্বে এই প্রথম অধিকার আদায়ের স্বার্থে সব সম্প্রদায় এক হয়। এই জন্য লারমাকে বলা যায় একজন সফল বিপ্লবী।

পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের দেশের যে কোন সরকারকে অবিশ্বাসের চোখে দেখার একটা মানসিক প্রবণতা লক্ষ্য করা যায়। পার্বত্য চট্টগ্রামের জেলা প্রশাসনের উচ্চপদে কোন উপজাতি না থাকার দরুণ এবং আমলাতান্ত্রিক লাল ফিতার দৌরাত্ম্যে যখন তারা ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয়, তখন তারা ভাবতে বাধ্য হয়, নিজেদের জেলাতেই তারা অবহেলিত। সারা দেশের প্রেক্ষিতে তাহলে তাদের মূল্য বা মর্যাদা কতখানি? সরকার বদল হলেও তাদের প্রতি প্রথাগত দৃষ্টিভঙ্গির পরিবর্তন আদৌ হবে কি? এইসব উত্তরহীন প্রশ্নের অন্তহীন স্রোতে

এবং সরকারের গঠন মূলক পদক্ষেপের অভাবে বাড়তে থাকে বর্তমান ও ভবিষ্যতের যে কোন সরকারের প্রতি তাদের অবিশ্বাসের গভীরতা।

তিয়াত্তরের পর থেকে পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের অসন্তোষ রাজনৈতিক ইস্যুর রূপ নিতে শুরু করে।

সেই সময় সরকারি উদ্যোগে শুধু শরণার্থী পুনর্বাসন নয়, কিছু ঘটনাও ঘটে, যা উপজাতিদের আরও দূরে সরিয়ে দিয়েছিল। তিয়াত্তরের জাতীয় সংসদে মহিলাদের সংরক্ষিত আসন নিয়েছিল তিন শ পনেরটি আসন। তিন শ সদস্য নির্বাচিত হতেন। সংসদে সংখ্যাগরিষ্ঠ দল পনের জন মহিলা সদস্যা মনোনীত করত। চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম জেলার জন্য নির্ধারিত ছিল একটি মহিলা আসন। এই আসনের সদস্যা হিসেবে নেওয়া হয়েছিল পার্বত্য চট্টগ্রামের শ্রীমতী সুদীপ্তা দেওয়ানকে। এর পেছনে গঠণমূলক উদ্দেশ্য অবশ্য ছিল। প্রথমত, উপজাতি-দের প্রতি ক্ষমতাসীন দল, আওয়ামি লিগের সদিচ্ছা প্রকাশ ঘটান। দ্বিতীয়ত, জেলা আওয়ামি লিগের কাজে গতি ও প্রাণ সঞ্চালন। তৃতীয়ত, জেলা প্রশাসনে উপজাতিদের অংশগ্রহণে উৎসাহ সৃষ্টি করা। চতুর্থত, সংসদে পার্বত্য চট্টগ্রাম জেলা থেকে সরকারি দলের প্রতিনিধির অনুপস্থিতির শূণ্যতা পূরণ করা। কাজটা যেহেতু গুরুত্বপূর্ণ সেহেতু পার্বত্য চট্টগ্রামের উপজাতি নেতাদের কিংবা জেলা আওয়ামি লিগের সঙ্গে পরামর্শ করে প্রতিনিধি বাছায়ের কাজটা করা উচিত ছিল। কিন্তু তা করা হয় নি বলে উপজাতি নেতা ও জেলা আওয়ামি লিগের অভিযোগ। উপরন্তু, জাতীয় সংসদ সদস্যা মনোনীত হবার পর সুদীপ্তা দেওয়ানকে ঘিরে তৈরী হয় একটি সুবিধাবাদী চক্র। সুদীপ্তা দেওয়ানের কাঁধে বন্দুক রেখে ফায়দা তোলে পারমিট, লাইসেন্স শীকারীর দল। তাই আওয়ামি লিগ যে উদ্দেশ্যে তাঁকে সংসদ সদস্যা মনোনীত করেছিল, তার কোনটাই তিনি সঠিকভাবে কার্যকরী করতে পারেন নি উল্লেখিত চক্রের ষড়যন্ত্রে। তিনি উপজাতিদের নয়, ছিলেন আওয়ামি লিগের প্রতিনিধি। তাঁর ও আওয়ামি লিগের নাম ভাঙিয়ে সুবিধাবাদী চক্রের বেপরোয়া কার্যকলাপে উপজাতিরা আরও বেশী আস্থা ও বিশ্বাস হারাতে থাকে আওয়ামি লিগের প্রতি।

স্বাধীনতার পর আওয়ামি লিগ সরকারের বেশ কিছু মন্ত্রী পার্বত্য চট্টগ্রামে এসেছিলেন। তাঁদের কয়েকজন জনসভায় বক্তৃতাও করেন। জনসভায় জনগণের উপস্থিতি ছিল খুবই কম। পার্বত্য চট্টগ্রামে জনসভা সাধারণত কম অনুষ্ঠিত হয়। উপজাতি জনগণের সভা-সমিতিতে যোগ দেওয়ার অভ্যাসও নেই।

তার কারণ আগে বলা হয়েছে, রাজনৈতিক কার্যকলাপ পার্বত্য চট্টগ্রামে নিষিদ্ধ ছিল। এই জেলার জনসভায় জনগণের উপস্থিতির সঙ্গে দেশের অন্য জেলার তুলনা করা ভুল হবে। দেশের প্রচলিত ধারণা মতে, বড় সভা হল জনপ্রিয়তার মাপকাঠি। কিন্তু পার্বত্য চট্টগ্রামের ক্ষেত্রে এই নিয়ম খাটে না। উপজাতি জনগণের নাড়ি ভাল বুঝতেন বলে মানবেন্দ্র নারায়ণ লারমা রাজনৈতিক প্রচারের মাধ্যম হিসেবে জনসভা বেছে নেননি। জনসভায় স্বল্পসংখ্যক উপজাতির উপস্থিতি দেখে কিছু মন্ত্রী এবং নেতা মনে করেন, উপজাতিরা সরকার বিরোধী। সরকার এবং দেশের বিরোধিতা করলে পরিণাম কি হতে পারে, তা চোখে আঙুল দিয়ে দেখানোর মত তাঁরা রাজা ত্রিদিব রায়ের চোদ্দগোষ্ঠী উদ্ধার করেন। তাদের দুর্দশার জন্য রাজাকে অনেক সময় দায়ী করলেও, অধিকাংশ প্রগতিশীল উপজাতির মনে সামান্য হলেও রাজার প্রতি দুর্বলতা ছিল। সাধারণ উপজাতির ক্ষেত্রে এই দুর্বলতা ছিল আরও গভীরে। এই দুর্বলতার পেছনে যুক্তির চাইতে বেশি ছিল আবেগ আর দীর্ঘদিনের গড়ে ওঠা অভ্যাস।

রাজা ত্রিদিব রায়কে আক্রমণ তাই উপজাতিদের, বিশেষ করে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায় চাকমাদের আহত করে। এবং তা অন্যান্য উপজাতি সম্প্রদায়ের মনে ছড়িয়ে যেতে দেরি হয়নি। এই ধরণের মন্ত্রী এবং নেতারা—যাঁদের অনেককে বঙ্গবন্ধু হত্যাকারীদের সঙ্গে হাত মিলিয়ে খোন্দকার মুশতাক আহমেদের মন্ত্রীসভায় যোগ দিতে দেখা গেছে—বোঝার চেষ্টা করেন নি যে, স্বাধীনতার অব্যবহিত পরে পার্বত্য চট্টগ্রামে বয়ে যাওয়া নিপীড়নের ঝড়ে উপজাতিরা অনেক কিছুর মধ্যে হারিয়েছে সরকারের প্রতি বিশ্বাসও। রাজা ত্রিদিব রায়ের বিরুদ্ধে বিষোদ্গার করে হারিয়ে যাওয়া বিশ্বাস ফিরিয়ে আনা যায় না। তার জন্য চাই গঠনমূলক বাস্তব পদক্ষেপ।

পাকিস্তানের নিম্ন পর্যায়ের নেতৃত্ব ও পার্বত্য চট্টগ্রামের স্থানীয় প্রশাসন উপজাতিদের চিহ্নিত করেছিল ভারতপন্থী। সেই একই নেতৃত্ব এবং প্রশাসন (যাদের ভেতর অনেকে হানাদার বাহিনীর সহযোগী ছিল) স্বাধীনতার পর উপজাতিদের চিহ্নিত করে পাকিস্তানপন্থী হিসেবে। ভারত উপমহাদেশ ভেঙে সৃষ্টি হয় পাকিস্তান। পাকিস্তান থেকে বাংলাদেশ। উপজাতিদের দুর্ভাগ্য, সে দেশের নাগরিক হয়েও তারা চিহ্নিত হয়ে রইল পাকিস্তানপন্থী হিসেবে। তাই তারা পায়নি সত্যিকার নাগরিক মর্যাদা।

চুয়াত্তরের শেষে বা পঁচাত্তরের প্রথম দিকে পার্বত্য চট্টগ্রাম আওয়ামী লিগের তৎকালীন সভাপতি চারু বিকাশ চাকমা এক অপ্রত্যাশিত ঘটনার বিপাকে পড়ে পুলিশের হাতে গ্রেপ্তার এবং নিগৃহীত হন। চারুবিকাশ চাকমা কর্মজীবনের শুরু থেকে বাঁশের ব্যবসায় জড়িত ছিলেন। তাই ব্যবসার কাজে তিনি প্রায় গভীর অরণ্যাঞ্চলে যেতেন। তিযাত্তর থেকে শান্তি বাহিনী নামে একটি দল পার্বত্য চট্টগ্রামে সশস্ত্র তৎপরতা চালানোর প্রস্তুতি নিয়েছিল। পুলিশের সঙ্গে দলটির কয়েকবার সংঘর্ষ বাঁধে। ঘটনার দিন, ঐ সশস্ত্র দলটিকে দমনের উদ্দেশে পার্বত্য চট্টগ্রামের পুলিশ সুপারের নেতৃত্বে এক বিরাট পুলিশ বাহিনী সুবলং মুখের কাছাকাছি অবস্থান করছিল। চারু বিকাশ চাকমা এই সবের কিছু জানতেন না। তাঁর স্পীডবোট সুবলং মুখের কাছাকাছি আসতে না আসতে শুরু হয়ে যায় শান্তি বাহিনীর সঙ্গে পুলিশের গোলাগুলি। গোলাগুলি কেন হচ্ছে, কোনদিকে হচ্ছে, কার সঙ্গে কার হচ্ছে, তা বোঝার আগে চারু বিকাশ চাকমা জলে ঝাঁপ দেন। তাঁর সাথীরা কেউ জল, কেউ বা ডাঙার জঙ্গলে গিয়ে আত্মগোপন করে। গোলাগুলি থামার পর কে কোথায়, তা খোঁজ নেবার আগেই পুলিশ এসে তাদের ধরে। ঘটনাস্থলের কাছাকাছি ধরা পড়ায় পুলিশের সন্দেহ চারু বিকাশ চাকমা ও তাঁর দু'তিনজন সঙ্গী সশস্ত্র দলের সঙ্গে জড়িত। পুলিশ চারু বিকাশ চাকমার কোন বক্তব্য শুনল না। শুরু করে বেধড়ক মারধোর। পুলিশ সুপার চারু বিকাশ চাকমাকে ভালভাবে চিনতেন। তিনি কিন্তু মারধোর করা থেকে পুলিশদের বিরত করেন নি। চারু বিকাশ চাকমা ও তাঁর সঙ্গীদের পেটাতে পেটাতেই রাঙামাটির রিজার্ভ বাজার ঘাটে আনা হয়। রাস্তা দিয়ে হাঁটিয়ে নেয়ার সময়ও সমানে চলে পুলিশি লাঠি আর লাথি। পুলিশের এই উলঙ্গ ব্যবহারে উপজাতিদের সঙ্গে অনুপজাতিরাও সমভাবে ব্যথিত হয়। পুলিশ শান্তি বাহিনীর চার সদস্যের লাশও পেয়েছিল। রাঙামাটি মর্গের সামনে চার লাশ ও চারু বিকাশ চাকমা এবং তাঁর সঙ্গীদের ছবি একসঙ্গে তোলা হয়। তারপর তাদের নেওয়া হয় কোতয়ালি থানায়। হাজতে রাখা হয় চারু বিকাশ চাকমা ও তাঁর সঙ্গীদের। লাশ চারটি রাখা হয় থানার আঙিনায়। ঘটনার শেষ কিন্তু সেখানে হয়নি। সেইদিন পুলিশ যেন উন্মত্ত হয়ে উঠেছিল। তারা মিছিল বের করে পায়ে হেঁটে, জিপে, ভ্যানে, লরিতে। তাদের স্লোগান ছিল ভয়ংকর। কল্পনা করাও কষ্টকর যে, আইন রক্ষাকারী সরকারি যন্ত্র আইন ভাঙার এমন স্লোগান দিতে পারে। একটি স্লোগান

সশস্ত্র দলের সঙ্গে উপজাতিদের সামগ্রিকভাবে জড়ানোয় উপজাতিরা ক্রুদ্ধ ও শংকিত হয়। মারাত্মক কিছু ঘটার ভয়ে সেইদিনের এবং রাতের রাঙামাটি ছিল অস্বাভাবিক থমথমে। সংসদ সদস্যা শ্রীমতী সুদীপ্তা দেওয়ানের চেষ্টায় ও প্রধানমন্ত্রী শেখ মুজিবুর রহমান এবং সরাষ্ট্র মন্ত্রী ক্যাপটেন মনসুর আলির হস্তক্ষেপে ঘটনা আর বেশি দূর গড়াতে পারেনি।

কিন্তু যা হবার, তা রোধ করা যায় নি। পরদিন চারু বিকাশ চাকমা মুক্তি পেলেন। তিনি কখনও জনপ্রিয় নেতা ছিলেন না। কিন্তু সেইদিনের সুর ছিল ভিন্ন। তাঁর রাজনীতির বিরোধিতা করেন এমন অনেক উপজাতি নেতা ও সাধারণ মানুষ তাঁকে বীরের সম্মান দেখালেন। তিনি সেদিন ছিলেন না জেলা আওয়ামি লিগের সভাপতি। ছিলেন নির্যাতিত উপজাতিদের প্রতীক। জাতীয় নীতির পরিপ্রেক্ষিতে উপজাতি সমস্যা সমাধানে চারু বিকাশ চাকমার বিশ্বাস সর্বজন বিদিত। শত প্রতিকূলতা সত্ত্বেও তিনি আওয়ামি লিগের সঙ্গে বিচ্ছেদ ঘোষণা করেন নি। এমনি করে বীর মুক্তিযোদ্ধা, পার্বত্য চট্টগ্রামের তৎকালীন আওয়ামি যুব লিগের আহ্বায়ক রণবিক্রম ত্রিপুরাকে হয়রানি করেছিল মহালছড়ি থানার পুলিশ। জাতীয় রাজনীতিতে জড়িত এবং বিশ্বাসী উপজাতি নেতাদেরও বিচ্ছিন্নতাবাদী সন্দেহ ও নির্যাতন করে বস্তুত সামগ্রিক ভাবে উপজাতিদের জাতীয় মূলস্রোত থেকে দূরে ঠেলে দেওয়া শুরু হয়। রাঙামাটিতে পুলিশি উন্মত্ততা নিয়ন্ত্রণে ব্যর্থ পুলিশ সুপারের বদলি ও ঘটনার সঙ্গে জড়িত অফিসার ও পুলিশদের বিচার ও দৃষ্টান্তমূলক সাজার দাবি করেন উপজাতি নেতারা। কিন্তু কোন ফল হয়নি। পুলিশ সুপার রাঙামাটিতে থেকে গেলেন। অন্যদিকে রাঙামটির উচ্ছৃংখল ঘটনার সঙ্গে জড়িত কিছু অফিসার ও পুলিশকে দেওয়া হয় পদক এবং প্রমোশন। এতে উপজাতিদের একটা অংশের মনে বিচ্ছিন্নভাবে সমস্যা সমাধান করার প্রবণতা বেড়ে যায়।

এই সময় দেশের অর্থনৈতিক ও রাজনৈতিক অবস্থা অস্থিতিশীল হয়ে ওঠে। আইন-শৃঙ্খলা জনিত পরিস্থিতির অবনতি ঘটে। সমাজতন্ত্রে উত্তরণের পদক্ষেপ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অপুঁজিবাদী অর্থনীতি বাস্তবায়নের কর্মসূচী নিয়েছিলেন। তাঁর সরকার বৃহৎ শিল্প ও ব্যাঙ্ক জাতীয়করণ করে। ক্ষুদ্র শিল্পে বেসরকারি পুঁজি বিনিয়োগের সর্বোচ্চ পরিমাণ ও জমির সর্বোচ্চ সিলিং নির্দিষ্ট করে দেয়। আওয়ামি লিগ বহুশ্রেণী ভিত্তিক রাজনৈতিক সংগঠন। মুক্তিযুদ্ধের পর আওয়ামি লিগের বিভিন্ন শ্রেণীর মধ্যে দ্বন্দ্ব প্রকট হয়ে ওঠে।

দলের অভ্যন্তরীণ বিরোধিতার ফলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রগতিশীল কর্মসূচী বাধাপ্রাপ্ত হয়। ঘনিষ্ঠ সহযোগীদের চাপে জমির সর্বোচ্চ সিলিং এবং বেসরকারি পুঁজি বিনিয়োগের পরিমাণ বাড়াতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাধ্য হয়েছিলেন।

অন্যদিকে আদর্শের চেয়ে ক্ষমতার কোন্দলে আওয়ামি লিগ জড়িয়ে পড়ে। অনেক নেতা ও মন্ত্রীর দুর্নীতি ও স্বজনপ্রীতি জনমনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি করে। দীর্ঘ সংগ্রামের রক্তস্নাত পথে আওয়মি লিগ দেশবাসীর যে আস্থা ও বিশ্বাস অর্জন করেছিল, তাতে চিড় ধরে। এর জন্য এককভাবে আওয়ামি লিগকে দায়ী করা যায় না। দায়ী ছিল আন্তর্জাতিক ষড়যন্ত্র এবং বিশ্বসংকটও। যুদ্ধে বিধ্বস্ত বাংলাদেশে দানা বেঁধে ওঠে সন্ত্রাস, গুপ্তহত্যা, ছিনতাই, পাটের গুদামে আগুন, সার কারখানায় বিস্ফোরণ, ঘুষ, দুর্নীতি, স্বজনপ্রীতি আর উপর্যুপরি বন্যা—দেশের বিপর্যস্ত অর্থনীতি ও পরিবর্তিত সামাজিক অবস্থার সুযোগে শত্রুরা দিনে দিনে জনজীবনে বাড়িয়ে তুলল সংকট। যখন প্রয়োজন ছিল জাতীয় স্বাধীনতাকে সুসংহত করে সুখী সমৃদ্ধ দেশ গড়া, তখন সমাজ জীবনের রন্ধ্রে ও শাসন ক্ষমতায় লুকিয়ে থাকা স্বাধীনতা ও সমাজতন্ত্র বিরোধী চক্র দেশে কৃত্রিম সংকট সৃষ্টি করে। স্বাধীনতা উত্তর এই নাজুক পরিস্থিতিতে জনগণের মধ্যে একটা ক্রম হতাশার সৃষ্টি হয়। সমাজ জীবনে আসে লক্ষ্যহীনতা। এই অবস্থার অবসান এবং স্বাধীনতাকে অর্থপূর্ণ করার লক্ষ্যে পঁচাত্তরে বঙ্গবন্ধু মুজিবুর রহমান ঔপনিবেশিক শাসন কাঠামো ও গোটা অর্থনৈতিক ব্যবস্থার আমূল পরিবর্তন করার সিদ্ধান্ত নেন। সমাজতন্ত্রে উত্তরণের কর্মসূচীর ভিত্তিতে জাতির প্রগতিশীল ও উৎপাদনকারী সকল জনগোষ্ঠীকে সমন্বিত করে সর্ববৃহৎ সার্বজনীন ঐক্যের অপরিহার্যতায় গঠন করেন জাতীয় দল, বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামি লিগ। সংক্ষেপে বাকশাল। ন্যাপ (মোঃ), সি. পি. বি, আতাউর রহমান খানের জাতীয় লিগ, সংসদ সদস্য আবদুস সাত্তারের নেতৃত্বে জাসদের একাংশ এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি বাকশালে যোগ দেয়।

মানবেন্দ্র নারায়ণ লারমা ও চাই থোয়াই রোয়াজার বাকশালে যোগদান উপজাতি জনগণ শুভসূচনার ইঙ্গিত বলে মনে করে। এর আগেও পার্বত্য চট্টগ্রাম থেকে নির্বাচিত উপজাতি প্রতিনিধি সরকারি দলে যোগ দিয়েছিলেন। কিন্তু লারমার যোগ দেওয়ার মত গুরুত্ব তারা কেউ পান নি। কারণ উপজাতি জনগণ

বিশ্বাস করত যে, মানবেন্দ্র নারায়ণ লারমার ক্ষমতার লোভ নেই। জনগণের বৃহত্তর স্বার্থে তিনি বাকশালে যোগ দিয়েছেন।

বাকশালের শাসন কাঠামো অনুসারে পার্বত্য চট্টগ্রামকে তিনটি জেলায়—রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবন—ভাগ করা হয়। রাঙামাটি জেলা ছাড়া বাকী দু'টো জেলার প্রশাসক বা গভর্ণর নিযুক্ত হন দুই রাজা। খাগড়াছড়ির গভর্ণর নিযুক্ত হন মং রাজা মং প্রু চাঁই চৌধুরী। বান্দরবনের গভর্ণর হন বোমাং রাজা মং শৈ প্রু চৌধুরী। রাঙামাটির গভর্ণর মনোনীত হন জেলা প্রশাসক এ. কাদির। তাঁর মনোনয়ন উপজাতিদের মনে ক্ষোভ সৃষ্টি করেনি। কারণ তিনি উপজাতি জনগণের আস্থা অর্জন করেছিলেন। তিনটি জেলার বাকশাল সেক্রেটারি মনোনীত হন তিন উপজাতি নেতা। রাঙামাটির সেক্রেটারি মনোনীত হন চারু বিকাশ চাকমা, খাগড়াছড়িতে অনন্ত চাকমা ও বান্দরবনে মং চ প্রু চৌধুরী। দেশের রাজনীতি, অর্থনীতি ও প্রশাসনিক কাঠামো নতুনভাবে ঢেলে সাজানোর পর পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের মনে আশা ও বিশ্বাস কিছুটা ফিরে আসে। মানবেন্দ্র নারায়ণ লারমার বাকশালে যোগ দেওয়ার পর বোঝা গিয়েছিল যে, তিনি বিচ্ছিন্ন ভাবে নয়, সারা দেশের আর্থিক—সামাজিক—রাজনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে উপজাতি সমস্যা সমাধানে বিশ্বাসী। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দূরদৃষ্টি ও বৈপ্লবিক পদক্ষেপে একটা অধ্যায়ের সূচনা হয়েছিল। শেষ হতে পারে নি। পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনীতির স্রোতস্বিনী জাতীয় রাজনীতির গঙ্গায় মিলনের ক্ষণটি দীর্ঘস্থায়ী হয়নি। পঁচাত্তরের পনের আগষ্ট এক সামরিক অভ্যুত্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নিহত হন নির্মমভাবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহযোগী খোন্দাকার মুশতাক আহমেদ সামরিক অভ্যুত্থানের মূলহোতা কয়েকজন কর্মরত ও অবসর প্রাপ্ত সামরিক অফিসারের পিঠে চড়ে দেশের প্রেসিডেন্ট হয়ে বসেন। তাঁকে অনুসরণ করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মন্ত্রী পরিষদের বেশ কিছু সদস্য।

একই সালে তেসরা নভেম্বর ব্রিগেডিয়ার খালেদ মোশারফের নেতৃত্বে আর একটি সামরিক অভ্যুত্থান হয়। ঐ অভ্যুত্থানেও দেশের ক্ষতি হয় অপূরণীয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পর যে চার জাতীয় নেতা সৈয়দ নজরুল ইসলাম, তাজুদ্দীন আহমেদ, ক্যাপ্টেন মনসুর আলি ও কামরুজ্জামান জাতির নেতৃত্ব দিতে পারতেন, ঢাকা কেন্দ্রীয় কারাগারের অভ্যন্তরে এক সুপরিকল্পিত

ষড়যন্ত্রে তাঁরা নৃশংসভাবে নিহত হন। পাকাপাকি গদিতে বসার আগেই খালেক মোশারফকে সরে যেত হয়। সাতই নভেম্বরের সামরিক অভ্যুত্থানে মারা যান খালেদ মোশারফ ও তাঁর বেশ কিছু সহকর্মী। মঞ্চে আসেন মেজর জেনারেল জিয়াউর রহমান।

পাকিস্তানের জন্ম লগ্ন থেকে গণতন্ত্রের জন্য পূর্ব পাকিস্তান অনেক রক্ত দিয়েছে। তাই আশা করা গিয়েছিল, স্বাধীন বাংলাদেশে সামরিক অভ্যুত্থান ঘটবে না। হবে না আর রক্তপাত। এবার গড়ে উঠবে স্বাস্থ্যকর গণতান্ত্রিক কাঠামো। কিন্তু স্বাধীনতার চার বছর পূর্ণ না হতেই চারমাসে পর পর তিনটি রক্তাক্ত সামরিক অভ্যুত্থানে সব অনুমান মিথ্যে হয়। পাকিস্তানের বেশ কয়েকটি সামরিক অভ্যুত্থান হলেও রক্তপাত হয়নি। পাকিস্তানের এক অংশ থেকে সৃষ্টি হওয়া বাংলাদেশে প্রতিটি সামরিক অভ্যুত্থানে রক্ত ঝরে প্রচুর।

চব্বিশ বছরের সুদীর্ঘ লড়াইয়ের চড়াই উতরাই পেরনোর পর জেগে ওঠা আশা নিবে যেতে চার বছরও লাগল না। রাজনৈতিক কিছু নেতার অসাধুতায় এবং সামরিক অভ্যুত্থানে অভ্যুত্থানে রক্তাক্ত বাংলাদেশ অস্থির ও অনিশ্চয়তায় টালমাতাল হয়ে ওঠে।

পুনর্বাসন পরিকল্পনা

একটি মানব প্রজাতি বা ক্ষুদ্র জাতিসত্তা কি করে এবং কি কারণে নিজের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্য হারায় এবং ধীরে ধীরে তার জাতিগত অস্তিত্ব (Ethnical Entity) অবলুপ্ত হয়, সেই সম্পর্কে সমাজতত্ত্ব ও নৃতত্ত্ব-বিদ্‌রা নানা কারণ উপস্থিত করেছেন। প্রধানতম কারণ দু'টি। শিল্পায়ন বা আধুনিকীকরণের অনিবার্যতা। আর দ্বিতীয় কারণ সরকারের উচ্ছেদমূলক নীতি।

একটি দেশের শিল্পোন্নয়নে প্রয়োজন নতুন জমি। কাঁচা মাল সরবরাহের উপযুক্ত ক্ষেত্র। দৃষ্টান্ত হিসেবে একটি কাগজের কলের কথা ধরা যাক। শুধু যন্ত্রপাতি বসালেই তো আর উৎপাদন হবে না। তার জন্যে চাই কাঁচা মাল। কাগজ তৈরির কাঁচা মালের মধ্যে বাঁশই প্রধান। তাই যেখানে বাঁশের সরবরাহ প্রচুর তার কাছাকাছি কাগজ কল প্রতিষ্ঠা লাভজনক। কেননা তাতে কাঁচামাল আমদানির জন্য খরচ কম হয়।

কিন্তু সেই বাঁশ প্রচুর পরিমাণে পাওয়া যায় হয়তো এমন একটি অঞ্চলে, যেখানে নিজেদের ভাষা, সংস্কৃতি ও নিজ নিজ ধর্মীয় পরিমণ্ডলে বাস করে ক্ষুদ্র ক্ষুদ্র বিভিন্ন জাতিসত্তা। কলকারখানা গড়ে উঠলেই তার কাছাকাছি গড়ে উঠবে নতুন বসতি—শ্রমিক বস্তি, বাজার। চলবে মানুষের আনাগোনা। এক-দিকে, কল-কারখানায় শ্রম ও কাঁচামালের যোগান এবং বাজারে কৃষি উৎপাদন বিক্রির মাধ্যমে স্থানীয় আদিবাসীদের একটা অংশের অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য কিছুটা অর্জিত হয়, অন্যদিকে দীর্ঘদিন নতুন বসতির জনগোষ্ঠীর সঙ্গে মেলামেশার প্রভাবে তাদের নিজস্ব সামাজিক জীবন প্রথার ছন্দপতন ঘটে। বৃহৎ জনগোষ্ঠীর ভাষা, ধর্ম সংস্কৃতি ও সামাজিক রীতিনীতি ধীরে ধীরে স্থানীয় আদিবাসীদের জীবনের অঙ্গীভূত হয়ে ওঠে। তাদের স্বকীয়তায় ধ্বস নামতে শুরু করে। আদিবাসীদের সংখ্যাগরিষ্ঠ অংশ আবার অশুভ কিছুর আশঙ্কা করে কল-কারখানা গড়ে উঠার সঙ্গে সঙ্গে আরও গভীর অরণ্যাঞ্চলে গিয়ে আশ্রয় বাঁধে। বৈরী প্রাকৃতিক পরিবেশের বিরুদ্ধে লড়াই করতে

করতে তাদের জনসংখ্যা কমে যায়। মনস্তাত্ত্বিক কারণে প্রজননের হারও হয় নিম্নমুখী। এমনি করে একটা পর্যায়ে তাদের অবলুপ্তি ঘটে। যারা শহরাঞ্চলে বৃহৎ জনগোষ্ঠীর অনুকরণে বেঁচে থাকে বা দুর্গম গভীর অরণ্যাঞ্চলে মানবেতর জীবন যাপন করে, তাদের জাতিগত অস্তিত্ব বলতে আর কিছু অবশিষ্ট থাকে না। শিল্প বা আধুনিক সভ্যতা বিকাশের ঐতিহাসিক অনিবার্য পরিণতিতে একটি বা একাধিক মানব প্রজাতি বা ক্ষুদ্র জাতিসমাজ সমূহের জাতিগত অস্তিত্বের ওপর আঘাতকে সমাজতত্ত্ববিদরা বলেন, ভিকটিম অফ প্রোগ্রেস বা প্রগতির শিকার।

যে কোন দেশের সংখ্যালঘু জনগোষ্ঠীসমূহ তাদের আলাদা অস্তিত্ব সম্পর্কে সচেতন। সেই স্বাতন্ত্র্য রক্ষার্থে তারা বিশেষভাবে মনযোগীও। তাদের জাতিগত অস্তিত্ব অক্ষুণ্ণ থাকবে, এমন শাসনতান্ত্রিক গ্যারান্টি চেয়ে তারা সরকারের নিকট দাবি পেশ করে। কোন কোন রাষ্ট্র সংখ্যালঘু জাতিসত্ত্বা সমূহের স্বাতন্ত্র্য শাসনতান্ত্রিকভাবে স্বীকার করে নেয়। গঠনমূলক উপায়ে খুঁজে নেয় তারা স্থায়ী সমাধানও। আবার কোন কোন রাষ্ট্র সেই পথের ধারে কাছে না ঘেঁষে উল্টো পথ ধরে। সংখ্যালঘু জনগোষ্ঠীর স্বাতন্ত্র্য রক্ষার দাবি পরে ভয়ঙ্কর হুমকী হয়ে দাঁড়াবে বিবেচনা করে তারা তাদের স্বতন্ত্র্য অস্তিত্ব ধ্বংস করার নীতি অবলম্বন করে। সংখ্যালঘু জনগোষ্ঠী অধ্যুষিত অঞ্চলের জনবিন্যাস পালটিয়ে দেওয়াই এই নীতির প্রধান লক্ষ্য। একটি অঞ্চলের জন-বিন্যাস পালটিয়ে দিয়ে সেই অঞ্চলের আদিবাসীদের নিজভূমে পরবাসী বরাকে ইংরেজীতে বলা হয় হাইনিনাইজেসন। হাইনিনাইজেসনের প্রকৃষ্ট উদাহরণ আজকের তিব্বত এবং শ্রীলঙ্কার তামিল অধ্যুষিত অঞ্চল। তিব্বতীরা তিব্বতে যাতে কোনদিন স্বাতন্ত্র্যের দাবি জানিয়ে মাথা তুলে দাঁড়াতে না পারে, সেই জন্য চীন ব্যাপকহারে তিব্বতে চীনাদের ঢুকিয়ে দিয়েছে। সেই একই কারণে শ্রীলঙ্কার তামিল অধ্যুষিত অঞ্চলে অতামিলদের ব্যাপক অনুপ্রবেশ ঘটানো হচ্ছে সেই দেশের সরকারের উদ্যোগে।

পার্বত্য চট্টগ্রামের উপজাতিদের অসন্তোষের মূল কারণ সরকারি উদ্যোগে ব্যাপক পুনর্বাসন। তাই প্রশ্ন, উপজাতিরা কি চোখে দেখছে এই পুনর্বাসন? পুনর্বাসনই বা কেন? তারা কি প্রগতির শিকার? না হাইনিনাইজেসনের বলি? পার্বত্য চট্টগ্রাম যে উপজাতি অধ্যুষিত অঞ্চল এবং উপজাতিরা তাদের স্বতন্ত্র অস্তিত্ব সম্পর্কে কতটুকু সচেতন ও যত্নশীল, তা পূর্বের অধ্যায়গুলোতে আলোচিত হয়েছে।

বলা যেতে পারে সমাজে শিক্ষার প্রসারের ফলে অর্জিত এই চেতনাবোধ তাদের রাজনৈতিক শক্তির উৎস। একদিকে যেমন জাতীয় দলগুলোর উপজাতিদের আস্থা অর্জনে ব্যর্থতা, অন্যদিকে তেমনি একই দেশের নাগরিক হওয়া সত্ত্বেও তারা যে দেশের বৃহৎ জনগোষ্ঠী থেকে জাতিগত-ভাবে (এথ্‌নিক্যাল) আলাদা ও পশ্চাদপদ, ভিন্ন সামাজিক প্রথা, ভিন্ন রীতিনীতিতে অভ্যস্ত এবং তাদের বিকাশের নিজস্ব ধারা অক্ষত ও অব্যাহত থাকবে এমন শাসনতান্ত্রিক রক্ষাকবচের দাবি দৃঢ় ভিত্তিতে দাঁড় করাতে পার্বত্য চট্টগ্রামের উপজাতিরা ভোটাধিকার প্রাপ্তির পর, একবার ছাড়া প্রতিবারই নির্দল উপজাতি প্রার্থীকে নির্বাচিত করে পাঠিয়েছে জাতীয় সংসদে। (পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি জেলা ভিত্তিক সংগঠন। জাতীয় সংসদে জনসংহতি সমিতির দুই সদস্যকে নির্দলই ধরা হত)। উপজাতিদের আক্ষেপ, পাকিস্তানের বৈষম্যমূলক শাসনকালে এবং পরবর্তীতে বাংলাদেশের অভ্যুদয়ের পরও তাদের এই মনোভাব মানবিক ও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিচার করা হয়নি। জাতীয় গঠনমূলক কাজেও তাই খাটানো হয়নি উপজাতিদের কর্মশক্তি। বরং তাদের দাবি হুমকি হিসাবে ধরে নিয়ে বৈরী পদক্ষেপ নিতে শুরু করে সরকার। পার্বত্য চট্টগ্রামের উপজাতিরা মনে করে, বিশ্ব সভ্যতার অনিবার্য অগ্রগতির শিকার তারা এমনিতেই। তার ওপর উপজাতি স্বার্থবিরোধী সরকারি নীতির ফলে বর্তমানে তাদের অস্তিত্বের শেকড়ে টান পড়েছে।

কাপ্তাই জল বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নের ফলে পার্বত্য চট্টগ্রামে উদ্ভূত উদ্বাস্তু সমস্যার ফলে একটা এলাকার উপজাতিদের অর্থনৈতিক মেরুদণ্ড ভেঙে গেলেও তাদের সাংস্কৃতিক ও সামাজিক কাঠামোর ভিত তেমনভাবে টলেনি। বরং শিক্ষার প্রসার, বহির্বিশ্বের সঙ্গে আদান-প্রদানের মাধ্যমে উপজাতিদের ঐক্যবদ্ধ হবার পথ প্রশস্ত করে দিয়েছিল। দেবে আর নেবে, মিলাবে আর মিলবে, সম্প্রদায়ে সম্প্রদায়ে জাতিতে জাতিতে ভাব আদান-প্রদানের এই ভিত্তিতে অনেক অনুন্নত জাতি, উন্নত জাতি ও সভ্যতার সংস্পর্শে এসে নিজেদের উন্নীত করেছে। মোগলরা ভারতে আসার পর নিজেদের স্বীয়কতা যেমন বিসর্জন দেয়নি, তেমনি জোর করে তাদের সাহিত্য, সংস্কৃতি ভারতীয়দের ওপর চাপিয়ে দেয়নি। বরং দুই ধারার মিলনে গড়ে উঠেছে উন্নততর সভ্যতা। উপজাতি বুদ্ধিজীবীদের মতে, দেশের বৃহৎ জনগোষ্ঠীর সার্বিক প্রভাব সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর স্বাভাবিক-ভাবে পড়বেই। পার্বত্য চট্টগ্রামের উপজাতিরা এই সাংস্কৃতিক ও সামাজিক

প্রভাব গ্রহণ করে বিকাশের নিজস্ব ধারা সচল রাখতে সক্ষমও। কিন্তু যখন এই প্রভাব অস্বাভাবিক ও অপ্রত্যাশিত গতিতে বাড়ানো হয়, যখন সরকারি উদ্যোগে দেশের অন্যান্য জেলা থেকে ব্যাপকহারে পার্বত্য চট্টগ্রামে লোক ঢুকিয়ে দিয়ে উপজাতিদের জমি দখল করানো হয়, তখন উপজাতিরা ভীত-সন্ত্রস্ত হয়ে ওঠে। তাদের অর্থনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক স্বাতন্ত্র্য ও স্বাবলম্বিতা ধ্বংস করার সরকারের উদ্দেশ্য প্রণোদিত এই পদক্ষেপে তখন তারা ভাবতে বাধ্য হয়, রাজনৈতিক বিশ্বাসের জন্য নয়, চাকমা, মারমা, ত্রিপুরা হওয়ার জন্যই তাদের ওপর সরকারি এই আক্রমণ। চীন অধিকৃত তিব্বতের তিব্বতী কিংবা শ্রীলংকার তামিলদের চাইতে পার্বত্য চট্টগ্রামের উপজাতিরা তাদের নির্মম ভাগ্য বেশি মেলাতে চায় চিলির ভাগ্যহত মাপুচে জনগোষ্ঠীর সঙ্গে। চিলির সামরিক সরকার উনিশ শ উনাশিতে 'ডিক্রী ল ২৫৫৮' জারি করে। এই আইন বলে মাপুচে জনগোষ্ঠীর সম্প্রদায়ভিত্তিক জমি-মালিকানা স্বত্ব শুধু অস্বীকার নয়, মাপুচে জনগোষ্ঠীর ওপর নেমে আসে জেনারেল পিনোচেটের নির্মম নির্যাতন। পরিকল্পিত হত্যাকাণ্ড। এথনোসাইডের (Ethnocide) মাধ্যমে এই জনগোষ্ঠীকে পৃথিবী থেকে মুছে দেওয়ার সরকারি নির্দেশ।

এখন দেখা যেতে পারে সরকারি উদ্যোগে পার্বত্য চট্টগ্রামে পুনর্বাসন, উপজাতিদের ভাষায় অনুপ্রবেশ শুরু হয় কখন? কি ভাবে হচ্ছে এই পুনর্বাসন? স্থানীয় উপজাতিদের প্রতিক্রিয়াই বা কী?

ভারত বিভক্তির পর পার্বত্য চট্টগ্রাম জেলা পাকিস্তানের অন্তর্ভুক্ত হওয়ার প্রতিবাদে রাঙামাটি ও বান্দরবনে যথাক্রমে ভারত ও বার্মার পতাকা উত্তোলন করা হয়েছিল। কাজেই পাকিস্তান সরকার ধরেই নিয়েছিল যে, জেলার অমুসলিম জনগোষ্ঠী সমূহের আনুগত্য সহজলভ্য নয়। তিব্বত—বর্মী বংশদ্ভুত জনগোষ্ঠী সমূহের আনুগত্য অর্জনে ন্যূনতম কাঠখড় পোড়াতে রাজিও ছিল না পাকিস্তান সরকার। তাদের বরং পছন্দ ও বিশ্বাস ছিল সরকারি ক্ষমতা প্রয়োগের মাধ্যমে উপজাতিরা বাড়াবাড়ি করতে না পারে, এমন ব্যবস্থা করা সম্ভব। পার্বত্য চট্টগ্রাম প্রশাসনের জন্য বৃটিশ প্রবর্তিত বিশেষ ব্যবস্থার অবলুপ্তি ঘটায় পাকিস্তান সরকার স্বাধীনতা প্রাপ্তির পরই। শাসনতন্ত্রে ১৯০০ সালের রেগুলেশন বলবৎ রাখলেও রেগুলেশনের ধারা ভঙ্গ করে পঞ্চাশ দশকের প্রথম দিকে সরকারি উদ্যোগে প্রথম পুনর্বাসন শুরু হয় রাঙামাটির নানিয়াছড়, লংগদু, রামগড় মহকুমার তবলছড়ি, বেলছড়ি, মানিকছড়ি এবং বান্দরবন মহকুমার আলিকদম, লামা ও

নাইক্যংছড়িতে। উপজাতি নেতাদের প্রবল প্রতিবাদ, স্মারকলিপি পেশ, পুনর্বাসন অঞ্চলে উপজাতি অনুপজাতি সংঘর্ষ এবং দেশের রাজনৈতিক অস্থিরতার প্রেক্ষিতে পুনর্বাসন পরিকল্পনা সেই সময়ের মত স্থগিত রাখা হয়। কিন্তু যাদের পুনর্বাসিত করা হয়, স্থানীয় উপজাতিদের বার বার দাবি সত্ত্বেও, সরকার তাদের তুলে নেননি।

পার্বত্য চট্টগ্রামে আবার পুনর্বাসন শুরু হয় ছেষট্টিতে। ছেষট্টিতে ভারতের বিহারে সংঘটিত হিন্দু-মুসলমান দাঙ্গার ফলে উভয় সম্প্রদায়ের হাজার হাজার পরিবার গৃহহারা স্বজনহারা হয়। লক্ষাধিক বিহারী মুসলিম পূর্ব পাকিস্তানে প্রবেশ করে। সাম্প্রদায়িক দাঙ্গার আগুন ছাড়া তারা সঙ্গে কিছুই আনতে পারে নি। সেই আগুন তারা ছড়িয়ে দেয় পূর্ব পাকিস্তানে। সম্ভবতঃ এতে পাকিস্তান শাসকগোষ্ঠীর মদত ছিল। পূর্ব পাকিস্তানের আপামর জনসাধারণ আপ্রাণ ও অক্লান্ত চেষ্টা করে দাঙ্গা রুখেছিল সেইবার। পরিস্থিতি স্বাভাবিক হলে বিহারী মুসলিমদের পুনর্বাসন ব্যবস্থা নেওয়া হয়। দেওয়া হয় ঢালাও সুযোগ। বিহারী মুসলিমরা পূর্ব পাকিস্তানের বাঙালী মুসলিমদের চাইতে পশ্চিম পাকিস্তানের পাঞ্জাবী মুসলিমদের সঙ্গে নৈকট্য ও আত্মীয়তা বোধ করত বেশি। এই দুর্বলতার সুযোগ নিয়ে পাকিস্তানী শাসকগোষ্ঠী বিহারী মুসলিমদের তাদের তাবেদার হিসেবে তৈরী করতে আরম্ভ করে। প্রয়োজনে যাতে বাঙালীদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া যায়, সেই চিন্তা মাথায় রেখে, তাদের পুনর্বাসন শিবির গড়ে তোলা হয় চট্টগ্রাম, খুলনা, রংপুর ও ঢাকা শহরের চারপাশে। পাকিস্তানী শাসকগোষ্ঠীর পরিকল্পনা কত নিখুঁত ছিল, তার প্রমাণ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বিহারীদের বাঙালী নিধন যজ্ঞ।

বিহারী উদ্বাস্তুর এক অংশকে পার্বত্য চট্টগ্রামে পুনর্বাসন দেওয়া হয়। তাদের রক্তে তখনও ছিল দাঙ্গার উন্মাদনা। সরকার খাস জমিতে উদ্বাস্তুদের পুনর্বাসন দেয়। খাস জমি বলতে বেশির ভাগ ছিল আবাদ অযোগ্য পাহাড়। এমনিতে পার্বত্য চট্টগ্রামের জমির উর্বরতা তুলনামূলক ভাবে দেশের অন্য জেলার চাইতে কম। সেক্ষেত্রে পাহাড় চষে ফসল ফলানো অত্যন্ত কষ্টসাধ্য ব্যাপার। বিহারী উদ্বাস্তুরাও কষ্টের পথে না গিয়ে সোজা পথ ধরে। উপজাতিদের তৈরী করা জমি দখল করা শুরু করে। স্থানীয় উপজাতিরা সরকারের কাছে প্রতিবাদ জানায়। বিচার চায়। সরকারের বিস্ময়কর

(উদ্দেশ্য প্রণোদিত ?) নীরবতা নিরীহ, শান্তিপ্রিয় সরল উপজাতিদের মনে যথেষ্ট ক্ষোভের সঞ্চার করে।

ছেষট্টি সালেই পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান সরকারি সফরে চীনে যান। তাঁর অবর্তমানে অস্থায়ী প্রেসিডেন্টের পদ অলংকৃত করেন জাতীয় পরিষদের স্পীকার ফজলুল কাদের চৌধুরী। ফজলুল কাদের চৌধুরী অস্থায়ী প্রেসিডেন্ট হিসেবে যে কিছু কাজ করেন তন্মধ্যে অন্যতম হল আটচল্লিশ ঘন্টার জন্য পার্বত্য চট্টগ্রামের বহির্ভূত এলাকা (এক্সক্লুডেড এরিয়া)-র মর্যাদা তুলে দেওয়া। সম্ভবতঃ এই সুযোগের সদ্ব্যবহার করার জন্য প্রতিবেশী জেলাগুলিতে আগেই নির্দেশ পাঠানো হয়েছিল। কয়েক হাজার অনুপজাতি পরিবার দু'দিনেই পার্বত্য চট্টগ্রামে প্রবেশ করে লুটপাট করে উপজাতিদের জমি দখল নিয়ে উপজাতিদেরই ঘরছাড়া করে।

সেই সালেই আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন এগারজন ভূতত্ত্ববিদ, মৃত্তিকা বিশারদ, উদ্ভিদবিদ, অর্থনীতিবিদ ও কৃষি বিশারদদের নিয়ে পার্বত্য চট্টগ্রামের অরণ্যাবৃত পার্বত্য অঞ্চলের জমি সর্বোচ্চ পরিমাণে কাজে লাগিয়ে এলাকার উন্নয়ন সাধন করার উদ্দেশ্যে পাকিস্তান সরকার একটি দল গঠন করে। দলটি দুই বৎসর ধরে পার্বত্য চট্টগ্রামে কাজ চালায়। কাজের শেষে তাঁদের সিদ্ধান্ত হল, পার্বত্য অঞ্চল হওয়ার দরুণ প্রচলিত প্রথা অর্থাৎ জুম চাষ পদ্ধতি ভাল হলেও তার অবসান করতে হবে। জাতীয় অর্থনীতির কল্যাণের স্বার্থে উপজাতি জনগণ শুধু বনজ সম্পদ উৎপাদনের অনুমতি পাবে। ভোগের নয়। এই বনসমীক্ষা ও মাষ্টার প্ল্যান অনুযায়ী পার্বত্য চট্টগ্রামকে হালকা বসতিপূর্ণ এলাকা হিসেবে চিহ্নিত করা হয়। আয়তনগত দিক থেকে তখন ময়মনসিংহ জেলার পর দ্বিতীয় বৃহত্তম জেলা পার্বত্য চট্টগ্রাম। কিন্তু বনসমীক্ষা ও মাষ্টার প্ল্যানে শুধু আয়তন ধরা হয়েছিল। চাষযোগ্য জমি এবং জনসংখ্যার অনুপাত ধরা হয়নি। কাপ্তাই বাঁধ নির্মাণের পূর্বে পার্বত্য চট্টগ্রাম, আবাদযোগ্য জমির পরিমাণ কম হলেও, খাদ্যে ছিল প্রায় স্বয়ংসম্পূর্ণ। পয়ষট্টি-ছেষট্টি সালের ভূমি রাজস্ব প্রশাসন গৃহীত জরীপে দেখা যায় যে, পার্বত্য চট্টগ্রামের মোট আয়তন ৫,০৯৫ বর্গমাইল, অর্থাৎ ৩২,৫৯,৫২০ একর। অরণ্যভূমির পরিমাণ ২৯,০২,৭৩৯ একর এবং সর্বমোট চাষযোগ্য জমির পরিমাণ ৯৩,০০২ একর। মোট ফসলকৃত জমি হচ্ছে ১,৩০,০০ একর। পতিত জমির পরিমাণ ১০,০০০ একর। অপর পক্ষে সমগ্র এলাকায় ৪৫,০০০ একর জমি চাষাবাদের অযোগ্য। আর

১,৭০,৮৯৯ একর জমি চাষাবাদের জন্য মোটেই লভ্য নয়। কাপ্তাই বাঁধ নির্মাণের ফলে মোট উর্বর আবাদী জমির চল্লিশ শতাংশ জলমগ্ন হয়। ফলে জমি ও জনসংখ্যার অনুপাতও কমে আসে।

